বিনা টাকায় পুলিশে চাকরি–পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান

চাকরি নয় সেবা’ শ্লোগানে স্মার্ট পুলিশ তৈরি করতে মেধাবী ও যোগ্য প্রার্থীদের বাছাই করা হবে। পুলিশের চাকরি পেতে টাকা-পয়সা লাগে না। সন্তানের চাকরির জন্য অভিভাবকদের জমিজমা বিক্রি করতে হবে না। কারো কোন তদবিরও লাগবে না। মাত্র ১২০ টাকায় কনস্টেবল পদে পুলিশে চাকরি দেওয়া হবে। এর মধ্যে ১০০ টাকার ব্যাংক ড্রাফট এবং ২০ টাকার ফরম কিনেই হবে যোগ্য প্রার্থীর চাকরি।

এ কথা বলেছেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান বিপিএম পিপিএম(বার)।

তিনি বলেন, আগামী ২ মার্চ(বৃহস্পতিবার) ঝিনাইদহ পুলিশ লাইনস মাঠে কনস্টেবল পদে লোক নিয়োগ হবে। নিয়োগের সময় অনেকে প্রতারণার শিকার হন। চাকরির জন্য দালাল ধরেন। অনেক সময় দেখা যায় চাকরি দেওয়ার কথা বলে দালালেরা ১০জন প্রার্থীর কাছ থেকে টাকা গ্রহণ করে। তাদের মধ্যে যোগ্যতার ভিত্তিতে এক/দুইজনের চাকরি হয়ে যায়। তখন দালালেরা চাকরি দিয়েছে বলে দাবি করে এবং চুক্তিকৃত টাকা আদায় করে। এ ধরনের প্রতারণার বিষয়ে সচেতন করতে সকলের সহযোগিতা কামনা করেছেন পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান।

সবার প্রতি অনুরোধ জানিয়ে পুলিশ সুপার বলেন, বিনা টাকায় পুলিশে নিয়োগের এই বার্তা আপনারা জেলার সব জায়গায় পৌঁছে দেবেন। সরকারি বিধিবিধান অনুযায়ী লাইনে দাঁড়াবেন। কেবল শারীরিক ভাবে যোগ্য,লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণরাই মেধার ভিত্তিতে চাকরি পাবে। এজন্য ঘুষ ও কোন প্রকার তদবির লাগবে না। যদি কেউ কোথাও চাকরির জন্য টাকা দাবি করে তাকে পুলিশে ধরিয়ে দিন।

জীবননগর থানা ক্যাম্পাসে দৃষ্টিনন্দন গোল ঘর উদ্বোধন করলেন পুলিশ সুপার

চুয়াডাঙ্গার জীবননগর থানা ক্যাম্পাসে বহু প্রত্যাশিত দৃষ্টিনন্দন গোল ঘরের শুভ উদ্বোধন করেছেন পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন।

গতকাল শনিবার সকালে পুলিশ সুপার আব্দুল্লাহ আল-মামুন বার্ষিক থানা পরিদর্শনে আসেন। তিনি থানা পরিদর্শনের আগে জীবননগর থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেকের প্রচেষ্টায় উপজেলা শহরের বিশিষ্ট ঠিকাদার জাকাউল্লাহ’র সহযোগিতায় থানা চত্বরে সদ্য নির্মিত গোলঘরটি আনুষ্ঠানিক ভাবে ফিতা কেটে শুভ উদ্বোধন করেন।

এ সময় দোয়া মোনাজাত পরিচালনা করেন মাও.সাজেদুর রহমান। এসময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,দামুড়হুদা-জীবননগর সার্কেল পুলিশ সুপার মুন্না বিশ্বাস,জাকাউল্লাহসহ থানার সকল পর্যায়ের অফিসার ফোর্স।

মেহেরপুরে অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) হিসেবে আজমল হোসেনের যোগদান

মেহেরপুর সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মো: আজমল হোসেন মেহেরপুরে যোগদান করেছেন।

আজ বৃহস্পতিবার তিনি মেহেরপুরে যোগদান করলে পুলিশ সুপার মো: রাফিউল আলম তাকে ফুলেল শুভেচ্ছা জানান। এসময় মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, সম্প্রতি মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) অপু সরোয়ার বদলি হওয়ায় তার স্থলাভিষিক্ত হলেন আজমল

হোসেন।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের সাথে বিট অফিসারদের মতবিনিময় সভা

বিট পুলিশিং বাড়ি-বাড়ি, নিরাপদ সমাজ গড়ি এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা পুলিশের ৫৩ (তেপ্পান্ন) টি বিটের অফিসারদের সাথে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপারের আবদুল্লাহ্ আল মামুন এর সাথে সকাল সাড়ে দশটার সময় পুলিশ পার্ক লেন কনফারেন্স রুমে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন। মতবিনিময় সভায় পুলিশ সুপার বিট পুলিশিংয়ের লক্ষ্য, উদ্দেশ্য ও প্রায়োগিক গুরুত্ব তুলে ধরে বক্তব্য প্রদান করেন।

এ সময় তিনি অফিসারদের নিজ নিজ এলাকায় মাদক, জুয়া, ইভটিজিং, কিশোর অপরাধ, বাল্যবিবাহ ও নারী নির্যাতনের বিরুদ্ধে কাজ করতে আহহ্বান জানান। পাশাপাশি, তিনি জননিরাপত্তা ও জনশৃঙ্খলায় সকল বিট অফিসারকে সদা তৎপর থাকার জন্য বলেন। এসময় বিট পুলিশিং সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের সঠিক জবাবে এবং বিট পুলিশিং রেজিস্টারসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য চার জন বিট অফিসারকে পুলিশ সুপার পুরস্কৃত করেন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মোঃমুন্না বিশ্বাস, ডিআইও(১) জেলা বিশেষ শাখা মোঃ আলমগীর কবীর, অফিসার ইনচার্জ জেলা গোয়েন্দা শাখা শেখ সফিকুর রহমান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মাহব্বুর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার সদস্যবৃন্দ।

চাকুরীর অভিজ্ঞতা মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে কাজে লাগাতে হবে -পুলিশ সুপার রাফিউল আলম

অবসরপ্রাপ্ত পুলিশ সদস্যদের উদ্দ্যেশ্যে মেহেরপুর পুলিশ সুপার মো: রাফিউল আলম বলেন আপনাদের চাকুরী জীবনের অভিজ্ঞতা সমাজ থেকে মাদক, সন্ত্রাস ও খারাপ নির্মূলে কাজে লাগাতে হবে। অবসরের দিনগুলি ভাল কাজের সাথে থাকার আহবান জানিয়ে তিনি বলেন, আপনারা ব্যক্তি জীবনের কোনো সমস্যায় পড়লে সরাসরি পুলিশ সুপারকে জানানোরও অনুরোধ করেন তিনি।

মেহেরপুরে রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের সদস্যদের মাঝে নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন পুলিশ সুপার মো: রাফিউল আলম।

আজ সোমবার (১৪ নভেম্বর) সকাল ১০ টার সময় নতুন শেখপাড়া এলাকায় সংস্থার কার্যালয়ে এই সনদপত্র বিতরণ অনুষ্ঠিত হয়।

রিটায়ার্ড পুলিশ এ্যাসোসিয়েশনের মেহেরপুর জেলা শাখার সভাপতি দেওলওয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত নিবন্ধন সনদপত্র বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সমাজসেবা অধিদপ্তরের উপপরিচালক (ডিডি) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বী, শহর সমাজ কার্যালয়ের সোহেল মাহমুদ, সাবেক পুলিশ পরিদর্শক আব্দুল জলিল, মেহেরপুর পৌর সভার ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজীব।

বিন্ধন সনদ বিতরণ অনুষ্ঠানে পুলিশ বিভাগ থেকে অবসরে যাওয়া পুলিশ সদস্যরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপারের মত বিনিময়

ঝিনাইদহ জেলায় কর্মরত সাংবাদিকদের সাথে নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২৭আগষ্ট) দুপুরে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এই মতবিনিমিয় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিয় সভায় নবাগত পুলিশ মোহাম্মদ আশিকুর রহমান বিপিএম, টিপিএম (বার) ছাড়াও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার ঝিনাইদহ সদর সার্কেল এসপি আবুল বাশার, অতিরিক্ত পুলিশ সুপার আবু রাসেল, সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা। এসময় ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারন সম্পাদক মাহমুদুল হাসান টিপু, সিনিয়র সদস্য দৈনিক উত্তেফাকের বিমল বিশ্বাস, কালের কন্ঠ পত্রিকার সাইফুল মাবুদ, এটিএন বাংলা ও এটিএন নিউজ এর জেলা প্রতিনিধি নিজাম জোয়ার্দ্দার, প্রেসক্লাবের সহ সভাপতি ফয়সাল আহম্মেদ, সহসাধারণ সহসাধারণ সম্পাদক কে এম সালেহসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিকস মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

আশিকুর রহমান গত ২৫ আগস্ট ঝিনাইদহের এর পুলিশ সুপার হিসাবে যোগদান করেছেন। তিনি ২৪তম বিসিএস পরীক্ষায় পুলিশ সার্ভিসের মাধ্যমে সহকারী পুলিশ সুপার (এএসপি) পদে নিয়োগ লাভ করেন। কর্মজীবনের শুরুতে তিনি সহকারী পুলিশ সুপার হিসেবে সাতক্ষীরা জেলায় যোগদান করেন এবং সর্বশেষ উপ-পুলিশ কমিশনার (ডিবি) হিসেবে ঢাকা মেট্রোপলিটন পুলিশের দায়িত্ব পালন করেছেন ।

পুলিশ বিভাগে চাকরিতে আসার পর থেকে পেশাগত দায়িত্ব পালনে জনগনের সেবার বিষয়টি নিজের মেধা ও প্রজ্ঞা দিয়ে নিষ্ঠার সাথে পালন করে আসছেন বলে তিনি জানান। তিনি জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞান বিভাগে অনার্স এবং স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন।

মতবিনিময় সভায় নবাগত পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান বলেন, এখানকার মানুষের জানমালের নিরাপত্তা, মাদক, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে জিরো টলারেন্স ঘোষনা করা হয়েছে। দায়িত্ব পালনে সাংবাদিকদের বলেন, আপনাদের পারস্পারিক সহযোগীতায় আমরা কাজ করে যাব। বিভিন্ন তথ্য দিয়ে আমাকে সহযোগিতা করবেন, আমি যেন আমার উপর অপিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে পারি। তিনি সাংবাদিকদের নিকট সার্বিক সহযোগিতা কামনা করেছেন।

এসময় তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন এবং সকলকে যথাসময়ে তথ্য প্রদান করে সাংবাদিকদের সহযোগীতা করার আশ্বাস প্রদান করেন। তিনি সত্য তুলে ধরার পাশাপাশি ইতিবাচক সংবাদ প্রচারেরও আহ্বান জানান।

চুয়াডাঙ্গায় পুলিশ সুপারের কার্যালয় চত্বরে ফলজ বৃক্ষরোপণের উদ্বোধন

বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ এই শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা’র পুলিশ সুপার জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা এঁর উদ্যোগে শনিবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয় চত্বরে পতিত জমিতে বিভিন্ন ধরণের ফলজ বৃক্ষরোপণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়।

এসময় চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ আবু তারেক বলেন, গাছ আমাদের অক্সিজেন দেয়। আমাদের বেঁচে থাকার সবচাইতে বড় উৎস। কারণ অক্সিজেন ছাড়া আমরা বাঁচতে পারিনা। গাছ লাগানের মাধ্যমে আমাদের চারদিক সবুজ হবে। তখন গাছগুলো শুধুমাত্র অক্সিজেনই দিবে না, আমাদেরকে ফুল, ফল এবং কাঠ দেয়।

আমাদের সব দিক দিয়েই গাছ উপকারে আসে। একটি গাছ কাটলে কমপক্ষে তিনটি গাছ লাগানোর আহবান জানিয়ে তিনি বলেন, পরিবেশ রক্ষায়

বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। তৃনমুল জনগণের অংশগ্রহণের মাধ্যমে বৃক্ষরোপণ কর্মসূচিকে আরো বেগবান করতে হবে। পরিবেশের ভারসাম্য রক্ষার পাশাপাশি দারিদ্র বিমোচনে বৃক্ষরোপণ জরুরী বলেও মন্তব্য করেন তিনি।

এসময় উপস্থিত ছিলেন, ডিআইও-১ মারুফ হোসেন সহ চুয়াডাঙ্গা জেলা বিশেষ শাখা ও জেলা গোয়েন্দা শাখার অফিসারগন।

মানবিক পুলিশ হতে হবে —খুলনা রেঞ্জের ডিআইজি

বাংলাদেশ পুলিশের খুলনা রেঞ্জের ডিআইজি ড.খ. মহিদ উদ্দিন বিপিএম (বার) বলেছেন পুলিশকে শততা ও নিষ্ঠার সাথে দাীয়ত্ব পালন করতে হবে। মানুষের কল্যাণে কাজ করার পাশাপাশি পুলিশকে মানবিক পুলিশে পরিণত হতে হবে।
আজ বুধবার (১ জুন) দুপুরে মেহেরপুর জেলা পুলিশ কর্তৃক আয়োজিত বিশেষ কল্যাণ সভায় প্রধান অতিথির বক্তব্যে পুলিশকে এ নির্দেশ দেন।
মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত বিশেষ কল্যাণ সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, সার্কেল অপু সরোয়ার।
এছাড়া অন্যান্যদের মধ্যে সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহ দারা খান, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল উপস্থিত ছিলেন।
কল্যাণ সভায় উপপরিদর্শক (এস আই) সহকারী উপপরিদর্শক ও কনষ্টাবলবৃন্দ উপস্থিত ছিলেন।
এর আগে পুলিশ লাইনে আয়োজিত পুলিশ প্যারেড পরিদর্শন করেন তিনি। ডি আই জি ড.খ. মহিদ উদ্দিন মঙ্গলবার দিবাগত রাতে মেহেরপুর সার্কিট হাউজে এসে পৌঁছালে পুলিশ সুপার রাফিউল আলম তাকে ফুল দিয়ে স্বাগত জানান।
পুলিশের বার্ষিক পরিদর্শনের অংশ হিসেবে বুধবার সকালে তিনি সদর থানা, রিজার্ভ অফিস ও বিকালে পুলিশ সুপারের কার্যালয় পরিদর্শন

করেন।

মুজিবনগরে আত্মীয়কে চরিত্রহীন আখ্যা দিয়ে বাড়ির মালিকের কাছে চাঁদা দাবী

বেড়াতে আসা নিকট আত্মীয়কে মিথ্যা চরিত্রহীন আখ্যা দিয়ে একটি পরিবারের কাছ থেকে ১ লক্ষ টাকা চাঁদা দাবী করেছে স্থানীয় একটি মাদকাসক্ত গ্রপ।
ওই গ্রপকে ৩০ হাজার টাকা চাঁদা দিয়েও মাফ পাননী অসহায় ওই পরিবারটি। বাকী ৭০ হাজার টাকা আদায় করতে এখন পরিবারের লোকজনকে অস্ত্রের ভয়ভীতি দেখানোর পাশাপাশি প্রতিনিয়ত হুমকী ধামকী দিচ্ছেন তারা।

মুজিবনগর উপজেলার রশিকপুর গ্রামে এই চাঁদাবাজির ঘটনাটি ঘটেছে। এঘটনায় বাড়ির মালিক আলেক হোসেন বাদী হয়ে মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন। মুজিবনগর থানার উপপরিদর্শ (এসআই) ই¯◌্রাফিল ঘটনার তদন্ত করেছেন। তবে এখনো কোনো আইনগত ব্যবস্থা নেননি।

ভুক্তভোগী মোনাখালি ইউনিয়নের রশিকপুর গ্রামের মৃতু বজু বিশ্বসের ছেলে আলেক হোসেন জানান, চলতি মাসের ২২ তারিখে আমার বাড়িতে এক নিকট আত্মীয় এসেছিলেন। সে (আত্মীয়)আমার বাড়িতে থাকা অবস্থায় রশিকপুর গ্রামের সাইফুল ইসলামের ছেলে আব্দুল মতিন, আব্দুল কুদ্দুছের ছেলে আরজ আলী, তাহাজ আলীর ছেলে আকামত আলী, জুমাদ আলীর ছেলে কুবাদ আলীসহ কয়েকজন তার বাড়িতে হানা দেয়। তারা মিথ্যা অভিযোগ তোলেন আমার আত্মীয় একজন চরিত্রহীন। তারা আমাদের বাড়ির লোকজনকে শালিস করে বিচার না হলে থানা পুলিশ দিয়ে তুলে নিয়ে নিয়ে যাওয়ার ভয় দেখায়। এক পর্যায়ে আমার কাছ থেকে ১ লাখ টাকা দাবী করে। না দিলে মান ইজ্জত থাকবেনা বলে ভয় দেখায়। মান ইজ্জতের কথা ভেবে তাদের আমি ৩০ হাজার টাকা দিয়ে মাফ চাই। সেদিন ৩০ হাজার টাকা নিয়ে চলে গেলেও এখন আবারও ৭০ হাজার টাকা দাবী করছে তারা।

তাদের দাবীকৃত টাকা দিতে না পারায় বাড়ির উপর এসে নানাভাবে ভয়ভীতি দেখানো ছাড়াও হয়রানি করছে। এখন আমরা তাদের ভয়ে আতংকিত। প্রাণনাশের আশংকায় জীবন যাপন করছি।

মোনাখালি ইউনিয়ন পরিষদের রশিকপুর গ্রামের স্থানীয় ৯ নং ওয়ার্ডের সদস্য (মেম্বর) পালু জানান, বিষয়টি ২২ মে ঘটলেও আমি ঘটনাটি ২৬ মে জানতে পাই। পরে বিষয়টি স্থানীয় কোমরপুর পুলিশ ক্যাম্পে জানানোর পর কোমরপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই আজম বিশ্বাস ও এসআই সেলিম রেজা ঘটনাস্থলে আসেন। পরে তারা বিষয়টি মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ দেওয়ার পরামর্শ দেন। তার দেওয়া পরামর্শমত, ওই দিনই আলেক হোসেন মুজিবনগর থানায় একটি লিখিত অভিযোগ দেন।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, এ সংক্রান্ত একটি লিখিত অভিযোগ পেয়ে থানার উপপরিদর্শক (এসআই) ই¯◌্রাফিলকে তদন্তভার দেওয়া হয়েছে। সে ঘটনাস্থল পরিদর্শন করেছেন। সে বর্তমানে স্বাক্ষী দিতে গেছেন। আসলে আইনগত ব্যবস্থা শুরু হবে। তিনি আরও বলেছেন আজ রবিবার সকালের দিকে এ নিয়ে হট্টগন্ডগোল হচ্ছে শুনে আবারও ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

স্থানীয়রা জানান, আব্দুল কুদ্দুছের ছেলে সিরাজুল ইসলাম এর আগে মাদকের মামলায় পুলিশের হাতে আটক হয়েছিলেন। এছাড়া ওই গ্রæপের সবাই মাদকের সাথে জড়িত। তাদের ভয়ে এলাকায় কেউ মুখ খুলতে পারেনা।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ জন গ্রেফতার

মেহেরপুরে অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৭ জন আসামীকে গ্রেফতার করেছে পুলিশ।
গ্রেফতারকৃত আসামীদের মধ্যে জিআর মামলার ৩ জন, সিআর মামলার ১ জন ও মামলা খারিজের রিকলের আসামী ৩ জন রয়েছে।
মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত এই ৪ জন আসামীকে গ্রেফতার করে। একই সময়ে সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে একটি মামলা হয়েছে। এছাড়া গাংনী ও মুজিবনগর থানা

পুলিশ রিকলের আসামীদের আটক করেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন। বুধবার দিবাগত রাতে মেহেরপুর সদর থানা পুলিশ অভিযান চালিয়ে এ আসামীদের গ্রেফতার করে।
সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খানের নেতৃত্বে পুলিশের পৃথক টীম অভিযানে অংশ নেন।
আজ বৃহস্পতিবার (২৬ মে) সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।